



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
টরন্টো, কানাডা



### প্রেস বিজ্ঞপ্তি

০৭ মার্চ ২০২৪,

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টোতে আজ যথাযোগ্য মর্যাদায় 'ঐতিহাসিক ৭ই মার্চ' উদযাপন করা হয়। এ উপলক্ষে সকালে বাংলাদেশ হাউজে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং কনস্যুলেট প্রাঙ্গনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হয়। এরপর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পড়ে শুনানো হয় এবং ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। বাঙালি জাতির এ অবিস্মরণীয় দিনে আমন্ত্রিত বক্তাগণ ১৯৭১ সালের তৎকালীন রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধুর বক্তৃকর্মে প্রদত্ত ভাষণের উপর বিস্তারিত আলোকপাত করেন।

কনস্যুলেট জেনারেল জনাব মোঃ ফারুক হোসেন তাঁর বক্তব্যের শুরুতে জাতির পিতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে বলেন, বঙ্গবন্ধু ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা। বঙ্গবন্ধুর ৭ই মার্চ এর ভাষণ এক মহাকাব্য, বাঙালি জাতির মুক্তির মহামন্ত্র। তিনি বলেন এ ভাষণ বিশ্বব্যাপী স্বাধীনতাকামী মানুষের জন্য প্রেরণার চিরন্তন উৎস হয়ে থাকবে। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ সারা বিশ্বে উন্নয়নের রোল মডেল। সকলের সম্মিলিত প্রচেষ্টায় আমাদের দেশ একদিন বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' তথা 'স্মার্ট বাংলাদেশ' হিসেবে গড়ে উঠবে বলে আশাবাদ ব্যক্ত করেন।



